

রাজধানীর বুকে টাটকা খাবার

● ২০০০ প্রতিবেদন

দেখলেই চোখ জুড়িয়ে যায়, খাবারের মেন্যু হাতে নিলেই মন ভরে যায়— শহরে আছে এমন হরেকরকম খাবারের জায়গা। কিন্তু এত সব রেস্টুরেন্টের ভিড়ে কিছু রেস্টুরেন্ট আছে যেখানে খাবারের মান, পরিবেশ আর পুরো মেন্যুতে নজরে পড়বে কিঞ্চিৎ ভিন্নতা।


এমনি এক রেস্টুরেন্ট ইট@। ভাবুন তো, আপনি

সাবেতসহ ব্র্যাকের অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন।

ব্র্যাক চিকেন কর্তৃপক্ষ তাদের আউটলেট প্রসঙ্গে জানিয়েছে, যারা দ্রুত খাবার পেতে আগ্রহী, তাদের কাছে মানসম্মত খাবার পরিবেশন করার প্রত্যয়ে ব্র্যাক চিকেন এই আউটলেট চালু করেছে। টাটকা পণ্য থেকে মানসম্মত খাবার তৈরি করা হইবে এর লক্ষ্য।

রেস্টুরেন্ট সম্পর্কে বলার আগে আসুন জেনে নেই এর অন্তরসাজ সম্পর্কে। একটু ভিন্ন ধারায় রেস্টুরেন্টটি উপস্থাপন করা হয়েছে অনেকটা গাঢ়

রঙে। প্রবেশদ্বারের কাচের পাল্লা ঠেলে ভেতরে প্রবেশ করলে আলো ঝলমল করিডোর। করিডোরের সঙ্গেই বামদিকে মূল কাউন্টার। এখান থেকেই রেস্টুরেন্টের মূল অংশের শুরু। ডানে-বামে মিলে সাজানো হয়েছে খাবার টেবিল। রয়েছে আরামদায়ক বসার চেয়ার। এক সঙ্গে ৫০ জন বসার সুবিধা রয়েছে এখানে। কাউন্টারের পেছনেই থাকছে রান্নাঘর। রেস্টুরেন্টের ইন্টেরিয়রে ব্যবহার করা হয়েছে উৎসবের রঙ। সিলিং থেকে শুরু করে সব জায়গাতেই রকমারি লাইটিং ব্যবহার করা হয়েছে। রেস্টুরেন্টটির ইন্টেরিয়র যেমন সুন্দর, ঠিক তেমনি খাবারও সুস্বাদু। খাবার মেন্যুতে চোখ বোলালেই পেয়ে যাবেন আপনার পছন্দের অগণিত খাবারের আইটেম। মেন্যুতে আছে আমাদের দেশের প্রচলিত কিছু খাবার আইটেম, যেগুলো প্রতিনিয়ত আমরা রেস্টুরেন্টে



রাজধানীর প্রাণকেন্দ্রে বসে কৃষকের কাছ থেকে সরাসরি নিয়ে আসা টাটকা পণ্যের খাবার খাচ্ছেন? কি, জিভে জল এসে গেল? হ্যাঁ, আপনার জিভে জল নিয়ে আসতেই রাজধানীর যমুনা ফিউচার পার্কের লেভেল ৫-এ চালু হয়েছে ব্র্যাক চিকেনের প্রথম কুইক সার্ভিস রেস্টুরেন্ট 'ইট@'। গ্রামের কৃষকের কাছ থেকে টাটকা পণ্য সংগ্রহ করে ভোজন-বিলাসীদের কাছে স্বাস্থ্যসম্মত খাবার পৌঁছে দেয়ার লক্ষ্য নিয়েই চালু হয় ব্র্যাক চিকেনের এই রেস্টুরেন্টটি। প্রথম এই আউটলেটটির উদ্বোধন করেন ব্র্যাক এন্টারপ্রাইজের উর্ধ্বতন পরিচালক তামারা হাসান আবেদ। এ সময় ব্র্যাক এন্টারপ্রাইজের কর্মসূচি প্রধান নাজরা এম

খেতে ভালবাসি। সেসব সাধারণ মেন্যুকেই অসাধারণরূপে উপস্থাপন করা হয়েছে এখানে।

আপনার অর্ডার ২০ মিনিটের মধ্যে উপস্থাপন করা হবে টেবিলে। উৎসবের দিনগুলোতে এখানে থাকবে ভিন্ন আয়োজন। খাবারে একটু ভিন্নতার ছোঁয়া আনতে যেতে পারেন ইট@-এ। বুধবার ছাড়া সপ্তাহের অন্য দিনগুলোতে দুপুর ১২টা থেকে রাত ৮টা পর্যন্ত যমুনা ফিউচার পার্কের এই আউটলেট খোলা থাকবে। এর পাশাপাশি গুলশানের নিকেতনের ইট@ ফুড কোর্টও চালু থাকবে। ঠিকানা : ইট@, লেভেল-৫, ব্লক- বি ৭-৮, যমুনা ফিউচার পার্ক, ঢাকা। ■